



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিবহনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৮৯.০০৮.২০.৯৮৩

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৭

০৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির কার্যক্রম সম্পর্কিত বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন এর আবেদন নিষ্পত্তি করণ।

সূত্র: বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন এর ২৫/০৮/২০২০ খ্রি. ও ২৬/০৮/২০২০ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির আবেদন গ্রহণ করোনা ভাইরাস (কোভিড-১৯) সময়কালীন স্থগিত রাখা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব শিথিল না হওয়া পর্যন্ত তালিকাভুক্তির কার্যক্রম স্থগিত করে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারী কাজের মেয়াদ আগামী ১(এক) বছর বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

এ প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য সর্বশেষ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার নিয়োগ করা হয়। অতঃপর নতুন ঠিকাদার নিয়োগের লক্ষ্য দরপত্র আহবান করা হলে আহত দরপত্রের বিরুদ্ধে মামলা দায়ের হওয়ায় এবং বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা আদেশ বজার রাখার নির্দেশনাসহ বিভিন্ন কারণে ঠিকাদার নিয়োগ কার্যক্রম বন্ধ রাখা হয়। অতঃপর এসোসিয়েশন কর্তৃক পরিবহণ দর বৃদ্ধির দাবির প্রেক্ষিতে সিপিটিইউ এর আইনগত পরামর্শ ও খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন কর্তৃক মনোনীত কর্মকর্তা ও প্রতিনিধিদের সাথে নিম্নোক্ত নিগোসিয়েশন হয়:

(ক) কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) ০১/০৭/২০১৫ খ্রি. হতে ৩০/০৯/২০১৯ খ্রি. পর্যন্ত বর্তমান/ চুক্তিবদ্ধ কার্যদরের উপর ১০.৫০% (শতকরা দশ দশমিক পাঁচ শুন্য) বৃদ্ধি করা;

(খ) ভবিষ্যৎ কার্য সম্পাদনের লক্ষ্যে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) সাথে ০১/১০/২০১৯ খ্রি. হতে ৩০/০৬/২০২০ খ্রি. পর্যন্ত বর্ধিত দরে চুক্তিপত্র সম্পাদন করা;

(গ) কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের সাথে সম্পাদিত চুক্তি অনুসরণে ০১/০৭/২০১৮ খ্রি. হতে ৩১/০৮/২০১৯ খ্রি. পর্যন্ত প্রত্যেক ঠিকাদারকে তাদের অনুকূলে জারিকৃত চলাচল সূচির ৭৫% খাদ্যশস্য পরিবহণ (পারফরমেন্স) বিবেচনায় নিয়ে সরাসরি চুক্তি সম্পাদন করা;

(ঘ) তালিকাভুক্তির মাধ্যমে ৩০/০৬/২০২০ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগ সম্পন্ন করা;

উক্ত নিগোসিয়েশন চুক্তির শর্তমোতাবেক কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের ০১/০৭/২০১৫ খ্রি. হতে ৩০/০৯/২০১৯ খ্রি. পর্যন্ত চুক্তিবদ্ধ কার্যদরের উপর ১০.৫০% বৃদ্ধি করা হয় এবং ০১/১০/২০১৯ খ্রি. হতে ৩০/০৬/২০২০ খ্রি. পর্যন্ত বর্ধিত দরে সাপ্লিমেন্ট চুক্তিপত্র সম্পাদন করা হয়। চুক্তির শর্তমোতাবেক ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য কেন্দ্রীয়

সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির জন্য মার্চ/২০২০ এ তালিকাভুক্তি বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। ঠিকাদারগণের অনুরোধের প্রেক্ষিতে কোডিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি।

বর্তমানে সরকার কর্তৃক গণপরিবহণ চলাচলে বিধি নিষেধ প্রত্যাহার করা হয়েছে এবং সকল সরকারি/বে-সরকারি অফিস আদালত খুলে দেওয়া হয়েছে। বর্তমানে দাপ্তরিক সকল কার্যক্রম যথানিয়মে চলমান থাকায় চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩২ নং স্মারকে তালিকাভুক্তির বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। ফলে ঠিকাদারদের সম্পাদিত নেগোসিয়েশন ও সাপ্লিমেন্টারি চুক্তির বাধ্যবাধকতা অনুযায়ী ডিসেম্বর'২০২০ এর পূর্বে ঠিকাদার নিয়োগ কার্যক্রম সমাপ্ত করতে হবে বিধায় এসোসিয়েশনের সুত্রস্থ তারিখে প্রাপ্ত তালিকাভুক্তি কার্যক্রম স্থগিতের আবেদন এবং চলমান ঠিকাদারদের কার্যক্রম ০১(এক) বছর মেয়াদ বৃদ্ধির আবেদন মোটেও কাম্য নয়।

আরও উল্লেখ করা যায় যে, ৮/৯/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ১৩৫০টি তালিকাভুক্তির আবেদনপত্র বিক্রয় হয়েছে। বর্তমানে কর্মরত ৫৯৯ জন কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) তালিকাভুক্তি বিজ্ঞপ্তি স্থগিত বা পেছানোর আবেদন করেছেন। কিন্তু তালিকাভুক্তির আবেদনপত্রের ১৩ নং কলামে পর্যাপ্ত সংখ্যক আবেদনকারীর অনুরোধে নিয়োগকারী কর্তৃপক্ষ আবেদন দাখিলের তারিখ/সময় বৃদ্ধি করতে পারেন মর্মে উল্লেখ করা হলেও ৮/৯/২০২০ তারিখ পর্যন্ত বিক্রিত আবেদন সংখ্যা ১৩৫০টি হওয়ায় সময় বৃদ্ধির জন্য আবেদনকারীর সংখ্যা ৪৪.৩৭%, যা এপর্যন্ত বিক্রিত তালিকাভুক্তি আবেদনকারীর অর্ধেক বা দুই-তৃতীয়াংশের কম।

বর্ণিতাবস্থায়, ৭ (সাত) বছর পূর্বে নিয়োগকৃত একই ঠিকাদারগণ দ্বারা বারংবার সময় বৃদ্ধি করে ঠিকাদারি কার্যক্রম পরিচালনা করা পিপিআর'২০০৮ এর সাথে অসংগতিপূর্ণ এবং এহেন কার্যক্রম সরকারি কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সাংঘর্ষিক বিধায় পিপিআর'২০০৮ মোতাবেক জারিকৃত ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির কার্যক্রম সম্পর্কিত বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন এর আবেদন মোতাবেক তালিকাভুক্তির কার্যক্রম স্থগিত করে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারি কাজের মেয়াদ আগামী ১(এক) বছর বৃদ্ধি করার আবেদন বিবেচনা করার অবকাশ নেই।



৯-৯-২০২০

আব্দুল্লাহ আল মামুন

পরিচালক

বিতরণ :

- ১) সভাপতি, বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন, ১৭/২, তোপখানা রোড, ৫ম তলা, ঢাকা-১০০০,
- ২) সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন, ১৭/২, তোপখানা রোড, ৫ম তলা, ঢাকা-১০০০
- ৩) সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন, ১৭/২, তোপখানা রোড, ৫ম তলা, ঢাকা-১০০০,
.....

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৮৯.০০৮.২০.৯৮৩/১(৫)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৭
০৯ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়

- ২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর- ওয়েবসাইটে প্রচারের জন্য।



৯-৯-২০২০

আব্দুল্লাহ আল মামুন
পরিচালক